চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম

১৭-২০তম গ্রেডভূক্ত কর্মচারী পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ০৪/২০২৬ তারিখ : ২৯-১০-২০২৬ খ্রি.

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউট/বিভাগ/হল/অফিস/দপ্তরে নিম্নোক্ত শূন্যপদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	বিভাগ/হল/ইনস্টিটিউট	পদের নাম, সংখ্যা ও প্রকৃতি	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল
১	পরিবহন দপ্তর	বাস কন্ডাক্টর-১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	১৭তম গ্রেড
২	জীববিজ্ঞান অনুষদ	পাঁচক-১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	১৯তম গ্রেড
৩	পদার্থবিদ্যা বিভাগ	ল্যাবরেটরি এটেনডেন্ট-১ টি স্থায়ী	এস.এস.সি (বিজ্ঞান)	২০তম গ্রেড
৪	ইংরেজি বিভাগ	অর্ডালী পিয়ন- ১ টি স্থায়ী	এস.এস.সি	২০তম গ্রেড
৫	আইসিটি সেল	এম.এল.এস.এস- ১ টি স্থায়ী	এস.এস.সি	২০তম গ্রেড
৬	নিরাপত্তা দপ্তর	প্রহরী-৬ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
৭	মাস্টারদা সূর্যসেন হল	সহকারী বাবুর্চি-১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
৮	চারুকলা ইনস্টিটিউট	টেবিল বয়-১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
৯	শামসুন নাহার হল	ভোজনালয় সহকারী- ১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
১০	গ্রিনহাউজ, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ	মাঠ কর্মী- ১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
		নিরাপত্তা কর্মী/প্রহরী- ১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
১১	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রেস	হেলপার- ১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
১২	রেজিস্ট্রার অফিস (এস্টেট শাখা, ঢাকা অতিথি ভবন)	স্ক্যাভেঞ্জার- ১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
১৩	শাহ আমানত হল	ভোজনালয় সহকারী- ১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
১৪	রেজিস্ট্রার অফিস (শিক্ষক সমিতি লাউঞ্জ)	টেবিল বয়-১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
১৫	বিজ্ঞান অনুষদ	ঝাড়ুদার- ১ টি	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
১৬	প্রীতিলতা হল	সহকারী বাবুর্চি-১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
১৭	বিজয় ২৪ হল	পরিচ্ছন্নতা কর্মী- ৩ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
		নিরাপত্তা প্রহরী- ৩ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
১৮	দেশনেত্রী বেগম খালেদা জিয়া হল	ঝাড়ুদার- ১ টি	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড
		প্রহরী-১ টি স্থায়ী	৮ম শ্রেণি পাশ	২০তম গ্রেড

মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারি সিদ্ধান্ত অনুসারে কোটা নির্ধারিত থাকবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর অথবা চবি ওয়েবসাইট (www.cu.ac.bd) হতে দরখাস্তের নির্ধারিত ফরমের ০১ (এক) কপি সংগ্রহপূর্বক আগামী **২৬-১১-২০২৬** ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০ মিনিট হতে বেলা ৩:৩০ মিনিট) নিম্নস্বাক্ষরকারীর বরাবর ০৬ (ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১ (এক) কপি দরখাস্ত গ্রহণযোগ্য নয়। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌছানো ঝুঁকিপূর্ণ বিধায় সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পাঠানোর জন্য পরামর্শ দেয়া হলো।

চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, তবে মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্য কোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি) গ্রহণ করা হবে না।

অগ্রণী ব্যাংকের যেকোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর ঠিকানায় প্রদেয় দরখাস্তের ফি বাবদ ৳ ৩০০/-(তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন ও জাতীয়তা সনদের সত্যায়িত ছায়ালিপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে; অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

প্রার্থীর অর্জিত/অধ্যয়নরত কোনো শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদির তথ্য দরখাস্তে উল্লেখ না করলে/গোপন করে থাকলে তা এ বিশ্ববিদ্যালয়ে নিয়োগপ্রাপ্তির পর সমগ্র চাকরি জীবনে কোনো পদোন্নতি/নিয়োগ/অতিরিক্ত আর্থিক সুবিধা প্রদানের ক্ষেত্রে গণনা করা হবে না।

কোন ইনস্টিটিউট/বিভাগ/হল/অফিস/দপ্তরে পদের জন্য আবেদন করছেন তা' অবশ্যই দরখাস্তে সংশ্লিষ্ট কলামে উল্লেখ করতে হবে। প্রত্যেক ইনস্টিটিউট/বিভাগ/হল/অফিস/দপ্তরে ভিন্ন ভিন্ন পদের জন্য আলাদাভাবে পে-অর্ডারসহ দরখাস্ত করতে হবে। নির্ধারিত ফি ছাড়া পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দিয়ে পেশকৃত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(মোঃ হাছান মিয়া)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

বিজ্ঞপ্তি নম্বর: ০৪/২০২৬

তারিখ: ২৯-১০-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. ডিন, বিজ্ঞান অনুষদ/জীব বিজ্ঞান অনুষদ, চবি।
২. প্রভোস্ট, দেশনেত্রী খালেদা জিয়া হল/ প্রীতিলতা হল/বিজয়-২৪/ মাস্টারদা সূর্যসেন হল/ শামসুন নাহার হল/ শাহ আমানত হল, চবি।
৩. সভাপতি, পদার্থবিদ্যা/ইংরেজি বিভাগ, চবি.।
৪. পরিচালক, গ্রীনহাউজ, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ/ আইসিটি সেল/চারুকলা ইনস্টিটিউট, চবি।
৫. সভাপতি/সাধারণ সম্পাদক, চবি শিক্ষক সমিতি।
৬. প্রশাসক, চবি প্রেস/পরিবহন দপ্তর/এস্টেট শাখা, চবি।
৭. পরিচালক, আইসিটি সেন্টার, চবি। (চবি ওয়েব সাইটে/জাতীয় তথ্য বাতায়নে-(www.bangladesh.gov.bd) প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
৮. হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), হিসাব নিয়ামক দপ্তর, চবি।
৯. ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফি শাখা, রেজিস্ট্রার অফিস, চবি। (বিজ্ঞপ্তিটি নিয়মানুযায়ী স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চবি। উপ-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২. ডেপুটি রেজিস্ট্রার, সংযুক্ত শাখা, রেজিস্ট্রার অফিস, চবি।
১৩. ডেপুটি রেজিস্ট্রার, নিরাপত্তা দপ্তর, চবি।
১৪. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চবি। উপ-উপাচার্য (একাডেমিক) মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৯.১০.২৬

(শাহীন আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।